

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
পরিকল্পনা শাখা-৩

নং ৩৭.০০.০০০০.১২৩.১৪.০২৫.১৫-২১৯

তারিখ: ০৯ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

প্রেরক: মোহাম্মদ রফিকুল ইসলাম
সিনিয়র সহকারী প্রধান

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।


বিষয়: “সেকেন্ডারী এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পটির অনুকূলে অর্থ অগ্রিম উত্তোলনে সম্মতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, “সেকেন্ডারী এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের (কোড নং ৫০২৬) আওতায় ২০১৭-১৮ অর্থবছরের এডিপি বরাদ্দ থেকে ১ম কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে জুলাই-ডিসেম্বর/২০১৭ প্রান্তিকে প্রশিক্ষণ (কোড নং ৪৮৪০) খাতে ৮১০০.০০ লক্ষ (একাল্লিশ কোটি) টাকা এবং ওয়ার্কসপ/সেমিনার/কনফারেন্স (কোড নং ৪৮৪২) খাতে ১৫০.০০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা অগ্রিম উত্তোলনে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার সুপারিশ ও অর্থ বিভাগের সম্মতির প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তে সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

- অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রচলিত সরকারি আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- অগ্রিম উত্তোলিত অর্থ পরবর্তী উত্তোলনের প্রস্তাব প্রেরণের পূর্বে অথবা ৩০শে জুন ২০১৭ তারিখের মধ্যে বিল/ভাউচারের মাধ্যমে সমন্বয় করতে হবে ;
- অগ্রিম উত্তোলিত অর্থের মধ্যে অব্যয়িত/অসম্বিত অর্থ আগামী ৩০ জুন, ২০১৭ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
- অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়/বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম উদঘাটিত হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যয় নির্বাহকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

০২। অর্থ বিভাগের ২০/০৯/২০১৭ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১০২.০২০.০১৩.২০১৬- নং নোটাংশে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এ আদেশ জারি করা হলো।


- 28/9/2017
(মোহাম্মদ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৯৫৪০৬১৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) (১ম সংশোধিত), শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আই.সি.টি. সেল, মা.উ.শি. বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।